তারিখ 21 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা বাতিল দাবি

## অভিভাবক ঐক্য ফোরামের সংবাদ সম্মেলন

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি বছর থেকেই ৫ম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিলের দাবি জানিয়েছে অভিভাবক ঐক্য ফোরাম। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফোরামের সভাপতি জিয়াউল কবির দুলু এ দাবি জানান।

৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা এ বছরই বাতিল, কোচিং বাণিজ্য নিষিদ্ধ এবং বেসরকারি স্কুল কলেজের পরিচালনা পরিষদের নির্বাচন করার জন্য প্রধানমন্ত্রীর নির্দেশনার দাবিতে অভিভাবক ঐক্য ফোরাম এ সংবাদ সম্মেলন আয়োজন করে।

জিয়াউল কবির দুলু বলেন, সরকার ২০১৭ সাল থেকে প্রাথমিকে প্রাথমিক সমাপনী পরীক্ষা বন্ধের ঘোষণা দিয়েছে। ২০১৭ সালে নয় পরীক্ষাটি ২০১৬ থেকেই বন্ধ করতে হবে।

একই পরীক্ষায় দুটি সার্টিফিকেট কেন? এ প্রশ্ন করে তিনি বলেন, বর্তমান সরকারের শিক্ষানীতি ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষাস্তর বাস্তবায়নের ফলে এ বছর যে শিশুরা ৫ম শ্রেণিতে সমাপনী পরীক্ষা দেবে, তাদের আবারও ৮ম শ্রেণিতে একই পরীক্ষা দিতে হবে।

অভিভাবক ঐক্য ফোরামের উপদেষ্টা এইচ এ মানিক, উত্তরা স্কুল অ্যান্ড কলেজের অভিভাবক ঐক্য ফোরামের সভাপতি হাজী সহিদুল ইসলাম, শিক্ষাবিষয়ক সম্পাদক আব্দুর রহিমসহ বিভিন্ন স্কুলের অভিভাবকরা এ সময় উপস্থিত ছিলেন।